**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31-07-2024**
**Time: 07:35-07.40AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## President, West Bengal :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল পশ্চিমবঙ্গের নদীয়া জেলার কল্যাণীতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেসের সমাবর্তনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন। রাষ্ট্রপতি ৪৮ জন এমবিবিএস স্নাতক এবং ৯ জন পোস্ট-ডক্টরাল সার্টিফিকেট কোর্স স্কলারকে ডিগ্রি প্রদান করেন। বাংলার কিংবদন্তী মানুষদের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, কল্যাণী অনেক মহান ব্যক্তিত্বের জন্ম দিয়েছে এবং এইমসকে সেই উত্তরাধিকার ধরে রাখতে হবে। তিনি রোগীদের সেবায় চিকিৎসকদের দায়িত্ব সম্পর্কে কিছু সুনির্দিস্ট পরামর্শ দেন।

#### Rashtrapati #####

রাষ্ট্রপতি আজ পশ্চিমবঙ্গের রাজভবনে বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে মিলিত হবেন | এর পরে তিনি ঝাড়খন্ডের উদ্দেশ্যে রওয়ানা দেবেন |

****************

## Cm Meet With Samajpoti :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকার জনজাতিদের সামগ্রিক উন্নয়নের বিষয়ে আন্তরিক। গতকাল আগরতলায় নিজের সরকারি বাসভবনে রাজ্যের বিভিন্ন জনজাতি সম্প্রদায়ের সমাজপতিদের এক প্রতিনিধিদলের সঙ্গে আলোচনাকালে তিনি একথা বলেন | সাক্ষাৎকারকালে সমাজপতিগণ জনজাতিদের কাস্টমারি ল, বিভিন্ন মন্দিরের উন্নয়ন সহ নানাবিধ বিষয়ে মুখ্যমন্ত্রীকে অবহিত করেন এবং তাদের দাবিদাওয়া তুলে ধরেন।

সমাজপতিদের উন্নতির বিষয়টিও সরকারের দৃষ্টিতে রয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

************

**Manipur :**

লোকসভা আগামী ১৩ই আগস্ট থেকে কার্যকরভাবে আরও ছয় মাসের জন্য মণিপুরে রাষ্ট্রপতি শাসনের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আইনগত প্রস্তাব অনুমোদন দিয়েছে। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই মণিপুরে আরোপিত রাষ্ট্রপতি শাসনের মেয়াদ বৃদ্ধির জন্য সংসদের অনুমোদন চেয়ে প্রস্তাবটি উত্থাপন করেছিলেন। প্রস্তাবের উপর আলোচনার জবাবে শ্রী রাই বলেন গত আট মাসে কেবলমাত্র একটি সহিংসতার ঘটনায় একজন ব্যক্তি প্রাণ হারিয়েছেন। তিনি বলেন, গত চার মাসে মণিপুরে একটিও সহিংসতার ঘটনা ঘটেনি। সভার কাজ শেষ হওয়ার পর, নিম্নকক্ষ দিনের জন্য মুলতবি করা হয়।

***************

**Bikash Debbarma-Review meeting** :

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মার পৌরোহিত্যে গতকাল গোর্খাবস্তীর জনজাতি কল্যাণ দপ্তরে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। মন্ত্রী শ্রী দেববর্মা জানান পর্যালোচনা বৈঠকে ২০২৫-২৬ অর্থবছরের গৃহীত বাজেটে বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। পাশাপাশি জনজাতিদের স্বার্থে আরো কি কি কল্যাণকর প্রকল্প নেওয়া যায়, সেই বিষয়েও আলোচনা হয়।

**************

**Mukhyomontri somipeshu-50th episode :**

মুখ্যমন্ত্রী সমীপেষুর ৫০ তম পর্ব গতকাল অনুষ্ঠিত হয়। এই উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, জনগণের সেবায় সমর্পিত এই কর্মসূচির

৫০তম সংস্করণ অন্যতম মাইলফলক। তিনি এই  কর্মসূচিতেও বিভিন্ন প্রান্ত থেকে আসা জনসাধারনের অভাব অভিযোগের কথা শোনেন ও সমস্যা নিরসনে অধিকারিকদের নির্দেশ দেন।

*************

## AKASHVANI FM STATIONS :

কেন্দ্রীয় সরকার জানিয়েছে, বর্তমানে দেশে ৫৮৫টি আকাশবাণী এফএম স্টেশন এবং ৩৮৮টি বেসরকারি এফএম রেডিও স্টেশন চালু রয়েছে। তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান আজ লোকসভায় এক প্রশ্নের লিখিত জবাবে এই তথ্য জানিয়েছেন। তিনি বলেন, গত বছর আগস্ট মাসে সরকার ২৩৪টি  আওতার বাইরে থাকা  নতুন শহরে ৭৩০টি বেসরকারি এফএম চ্যানেলের ই-নিলাম অনুমোদন করেছে, যার মধ্যে জম্মু ও কাশ্মীরের তিনটি চ্যানেলও অন্তর্ভুক্ত রয়েছে। তিনি বলেন, ২৩৪টি আওতার বাইরে থাকা নতুন শহরে এফএম চ্যানেলের বার্ষিক লাইসেন্স ফি মোট রাজস্বের চার শতাংশ হারে নেওয়া হবে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জানান, উত্তর-পূর্বের রাজ্য এবং জম্মু ও কাশ্মীরের জন্য চ্যানেলটি চালু হওয়ার তারিখ থেকে প্রাথমিকভাবে তিন বছরের জন্য মোট রাজস্বের দুই শতাংশ হারে রাজস্ব নেওয়া হবে।

*****************

## NISAR :

শ্রীহরিকোটা থেকে গতকাল  নাসা- ইসরো সিন্থেটিক অ্যাপারচার রাডার NISAR, স্যাটেলাইট সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছে। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা, ইসরো, সামাজিক মাধ্যম 'X'-এ জানিয়েছে যে, অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র থেকে GSLV-F16 রকেটে করে উৎক্ষেপণ করা হয়েছে।

NISAR উপগ্রহ NASA এবং ISRO-এর একটি যৌথ অভিযান যার লক্ষ্য পৃথিবীর স্থলভাগ এবং বরফের উপরিভাগ অধ্যয়ন করা। NISAR প্রতি ১২ দিন অন্তর বিশ্বব্যাপী ভূমি এবং বরফ আচ্ছাদিত পৃষ্ঠের ছবি তুলবে, যার মধ্যে রয়েছে দ্বীপ, সমুদ্র-বরফ এবং নির্বাচিত মহাসাগর।

NISAR -এর সফল উৎক্ষেপনের জন্য কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড: জিতেন্দ্র সিং সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানান |

********************

**প্রথম ডিভিশন:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় কল্যাণ সমিতি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় কল্যাণ সমিতি ৪-১ গোলে রামকৃষ্ণ ক্লাবকে পরাজিত করে।

***************************

**অনূর্ধ্ব ১৮ ক্রিকেট** :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত অনূর্ধ্ব ১৮ বছরের ক্লাব ক্রিকেট প্রতিযোগিতার গতকাল  দুটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব ২৫ রানে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে এবং তালতলা মাঠে মৌচাক ক্লাব ৯ রানে ব্লাডমাউথ ক্লাবকে পরাজিত করে।

*****************

**Weather :**

আবহাওয়ার বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা, খোয়াই, গোমতী ও দক্ষিণ জেলার দু একটি জায়গায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বিনিম্ন তাপমাত্রা ২৬ .৩ ডিগ্রী সেলসিয়াস | সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৮ মিলিমিটার।

**********************